





## আপনার MenB রেকর্ড কার্ডের কথা ভুলবেন না।


গনোরিয়া থেকে সর্বোচ্চ সুরক্ষা পেতে প্রথম ডোজ গ্রহণের কমপক্ষে 4 সপ্তাহ পরে আপনাকে দ্বিতীয় একটি ডোজ গ্রহণ করতে হবে।



UK Health  
Security  
Agency



গনোরিয়া থেকে সুরক্ষা পেতে  
MenB-এর দ্বিতীয় ডোজ গ্রহণ  
করতে ভুলবেন না



**মেনিনজোকোকাল B (Bexsero)**  
**ভ্যাকসিনেশন রেকর্ড কার্ড**





গনোরিয়া এবং মেনিনজোকোকাল রোগ  
(মেনিনজাইটিস ও সেপটিসেমিয়া) সম্পর্কিত  
আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন



গনোরিয়ার উপসর্গসমূহ  
NHS.UK হতে



গনোরিয়ার উপসর্গসমূহ  
THT.ORG.UK হতে



মেনিনজাইটিস সম্পর্কিত তথ্য  
NHS.UK হতে



Meningitis Research Foundation  
ফ্রি হেল্পলাইন 0808 800 3344



Meningitis Now  
24 ঘণ্টার হেল্পলাইন 0808 801 0388

আপনার কোনো জিজ্ঞাসা থাকলে আপনার হেলথ  
কেয়ার অ্যাডভাইজারের সাথে কথা বলুন।

গোপনীয়। কোনো বিচার নয়।

কোনো লজ্জা নয়। কোনো কলংক নয়।



© Crown copyright 2025

1P 100K JUN 2025 (APS). Product code: MBG01BEN Bengali

UK Health Security Agency Gateway number: 2025092

If you want to order more copies of this leaflet visit

[www.healthpublications.gov.uk](http://www.healthpublications.gov.uk) or call 0300 123 1002





UK Health  
Security  
Agency

**NHS**

মেনিনজোকোকাল B ভ্যাকসিন সংক্রান্ত দিকনির্দেশিকা

গনোরিয়া হতে

**সুরক্ষার জন্য**



**i mmunisation**

সব বয়সে, সবাইকে রক্ষা করতে সহায়তা করে



## সমকামী, উভকামী এবং অন্যান্য পুরুষ যারা পুরুষদের সাথে যৌন সহবাস করেন

গনোরিয়ায় সংক্রমিত হওয়ার বর্ধিত ঝুঁকিতে থাকা সমকামী, উভকামী এবং পুরুষদের সাথে যৌন সহবাস করেন এমন অন্যান্য পুরুষকে (GBMSM) আগস্ট 2025 থেকে 'Bexsero' নামক মেনিনজোকোকাল গ্রুপ B ভ্যাকসিন প্রদান করা হচ্ছে যাতে তারা গনোরিয়ার সংক্রমণ থেকে সুরক্ষিত থাকেন।

ভ্যাকসিনটি মেনিনজোকোকাল B ব্যাকটেরিয়া থেকে সৃষ্ট মেনিনজাইটিস ও সেপটিসেমিয়া প্রতিরোধেও সাহায্য করবে।





## আপনার সংক্রমিত হওয়ার ঝুঁকি কমায়

*Neisseria gonorrhoeae* ব্যাকটেরিয়ার কারণে সৃষ্ট গনোরিয়া হলো যুক্তরাজ্যের অন্যতম সাধারণ যৌনবাহিত সংক্রমণগুলোর (STI) মধ্যে একটি। একাধিক যৌনসঙ্গী আছে এমন GBMSM ব্যক্তির এই সংক্রমণের বর্ধিত ঝুঁকির মধ্যে রয়েছেন। গনোরিয়া সংক্রমণের কারণে অন্যান্য সংক্রমণের ঝুঁকিও বাড়তে পারে। গনোরিয়া সংক্রমণের চিকিৎসা না করলে এর থেকে অণুকোষ ও চোখের সংক্রমণ সহ গুরুতর সমস্যার সৃষ্টি হতে পারে।

## Bexsero কী?

Bexsero হলো একটি ভ্যাকসিন যা মেনিনজাইটিস (মস্তিষ্ক ও মেরুদণ্ডের আন্তরকের সংক্রমণ) এবং সেপটিসেমিয়া (রক্তে বিষক্রিয়া) সৃষ্টিকারী *Neisseria meningitidis* গ্রুপ B (MenB) ব্যাকটেরিয়া থেকে সুরক্ষা পেতে সহায়তা করে। এটি 2015 সাল থেকে যুক্তরাজ্যের নিয়মিত টিকাদান প্রোগ্রামে শিশুদেরকে দেওয়া হচ্ছে এবং এর ফলে ভ্যাকসিন গ্রহণকারী ব্যক্তিদের মধ্যে MenB 75% হ্রাস পেয়েছে। সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে যে Bexsero ভ্যাকসিন গনোরিয়া থেকেও কিছুটা সুরক্ষা দিতে পারে।

## Bexsero কিভাবে গনোরিয়া থেকে সুরক্ষা দেয়?

মেনিনজোকোকাস (*Neisseria meningitidis*) এবং গনোকোকাস (*Neisseria gonorrhoeae*) নিবিড়ভাবে সম্পর্কিত। প্রাথমিকভাবে মেনিনজোকোকাল সংক্রমণসমূহ (মেনিনজাইটিস ও সেপটিসেমিয়া) থেকে সুরক্ষা প্রদানের জন্য Bexsero তৈরি করা হলেও গবেষণায় দেখা গেছে যে এই ভ্যাকসিন গনোরিয়া থেকেও কিছুটা সুরক্ষা দিতে পারে। এর মানে হলেও Bexsero ভ্যাকসিন গ্রহণকারী ব্যক্তির ভ্যাকসিন গ্রহণ করেননি এমন ব্যক্তিদের তুলনায় গনোরিয়ায় সংক্রমিত হওয়ার কম ঝুঁকির মধ্যে থাকেন।

সুরক্ষার জন্য আপনাকে এই ভ্যাকসিনের 2টি ডোজ নিতে হবে। প্রথম ডোজ গ্রহণের কমপক্ষে 4 সপ্তাহ পরে দ্বিতীয় ডোজটি গ্রহণ করতে হবে, তবে এটি আরো পরেও নেওয়া যায় পরবর্তীতে যখনই আপনি ক্লিনিকে যাবেন। সাধারণত ইনজেকশনের সাহায্যে বাহুর উপরিভাগে এই ভ্যাকসিনটি প্রয়োগ করা হয়।

ইনজেকশন প্রয়োগের স্থান ফুলে যাওয়া, লাল হয়ে যাওয়া বা ব্যথাকাতর হয়ে যাওয়া সাধারণ বিষয়। আপনার হালকা জ্বর, বমি বমি ভাব, মাথাব্যথা বা পেশী ব্যথাও হতে পারে তবে এই উপসর্গগুলো দুই একদিনের মধ্যেই সেরে যাবে।





অধিক গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা খুবই কম।  
এই উপসর্গগুলো উপশমে আপনি প্যারাসিটামল বা ibuprofen-এর  
মতো ওভার দ্য কাউন্টার ওষুধই সেবন করতে পারেন।

## কতো দ্রুত আমি সুরক্ষা পাবো?

ভালো মাত্রার সুরক্ষা পাওয়ার জন্য শরীরে অ্যান্টিবডি তৈরি হতে  
ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ গ্রহণের সময় থেকে কমপক্ষে 2 সপ্তাহ  
সময় লাগে। এই ভ্যাকসিন গনোরিয়া থেকে আনুমানিক 30-40%  
সুরক্ষা প্রদান করে, সে জন্য গনোরিয়া ও সিফিলিসের মতো অন্যান্য  
যৌনবাহিত সংক্রমণ থেকে সুরক্ষার জন্য আপনাকে কনডমের  
ব্যবহার বজায় রাখতে হবে।

## এটি কি আমাকে গনোরিয়ায় আক্রান্ত হওয়া থেকে রক্ষা করবে?

এটি আপনাকে গনোরিয়ায় আক্রান্ত হওয়া থেকে সম্পূর্ণ রক্ষা  
করবে না, তবে আপনার সংক্রমণের ঝুঁকি এবং আপনার অন্যান্য  
সঙ্গীকে সংক্রমিত করার ঝুঁকি কমাবে।

## এটি কি আমাকে মেনিনজাইটিস ও সেপটিসেমিয়ায় আক্রান্ত হওয়া থেকে রক্ষা করবে?

মেনিনজাইটিস ও সেপটিসেমিয়া বিরল কিন্তু গুরুতর রোগ যা মৃত্যু বা  
জীবন বদলে দেওয়ার মতো প্রতিবন্ধিতা ও স্বাস্থ্য সমস্যার কারণ হতে  
পারে। এই ভ্যাকসিন MenB ব্যাকটেরিয়ার কারণে সৃষ্ট মেনিনজাইটিস  
ও সেপটিসেমিয়া থেকে সুরক্ষা দেয় তবে অন্যান্য ব্যাকটেরিয়া থেকেও  
মেনিনজাইটিস ও সেপটিসেমিয়া হতে পারে, সে জন্য আপনাকে  
এগুলোর লক্ষণ ও উপসর্গসমূহ সম্পর্কে সচেতন থাকতে হবে।

<https://www.nhs.uk/conditions/meningitis/>

## লক্ষণ ও উপসর্গসমূহ

### ► গনোরিয়ার উপসর্গসমূহ

- অনেক সংক্রমণ উপসর্গহীন হতে পারে
- উপসর্গের মধ্যে থাকতে পারে পুরুষাঙ্গ থেকে ঘন হলুদ স্রাব  
নির্গত হওয়া
- প্রস্রাবের সময় ব্যথা

গনোরিয়ার সংক্রমণ সম্পর্কে উদ্বেগ থাকলে আপনি পরামর্শ ও  
পরীক্ষার জন্য আপনার স্থানীয় যৌন স্বাস্থ্য ক্লিনিকে যোগাযোগ করুন।



**আপনার স্থানীয় যৌন স্বাস্থ্য ক্লিনিক খুঁজুন**

[www.nhs.uk/service-search/sexual-health/find-a-sexual-health-clinic/](http://www.nhs.uk/service-search/sexual-health/find-a-sexual-health-clinic/)

